



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

১৬ এপ্রিল ২০২৫

তারিখ:-----

০৩ বৈশাখ ১৪৩২

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা শনাক্তকরণ ও চূড়ান্তকরণ এবং তাদের বিরুদ্ধে গৃহীতব্য ব্যবস্থা প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৬, তারিখ- ১২ মার্চ, ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা শনাক্তকরণ ও চূড়ান্তকরণ এবং তাদের বিরুদ্ধে গৃহীতব্য ব্যবস্থা ও রিপোর্টিং বিষয়ে অনুসরণীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এফগে, ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা সংক্রান্ত রিপোর্টিং অধিকতর কার্যকরী করার নিমিত্ত উক্ত সার্কুলারের অনুচ্ছেদ ৮ এর রিপোর্টিং অংশটি নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“৮। রিপোর্টিং:

- (১) ব্যাংক কর্তৃক ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা শনাক্ত ও চূড়ান্তকরণের পর এ সংক্রান্ত তথ্য বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি)-তে রিপোর্ট করতে হবে। ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতাকে সিআইবিতে WD (Willful Defaulter) হিসেবে প্রদর্শন করতে হবে। এছাড়া, ব্যাংক কর্তৃক ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা হিসেবে চূড়ান্তকৃত গ্রাহককে এতদ্বিষয়ে পত্র প্রেরণকালে উক্ত পত্রের অনুলিপি সংযোজনী-‘খ’ মোতাবেক যাচিত তথ্যসহ ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি)-কে সরবরাহ করতে হবে;
- (২) ব্যাংক কর্তৃক ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতার ক্রম পুঞ্জীভূত তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে বিবরণী আকারে (সংযোজনী-‘গ’ মোতাবেক) প্রতি ত্রৈমাস অস্তে পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১) এর নিকট দাখিল করতে হবে এবং এতদসংক্রান্ত যাবতীয় দলিলাদিসহ হালনাগাদ বিবরণী বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের চাহিদা মোতাবেক উপস্থাপন করতে হবে; এবং
- (৩) ব্যাংক কর্তৃক ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা শনাক্তকরণ ইউনিট এর হালনাগাদ তথ্য (সদস্যদের নাম, মোবাইল নম্বর এবং ই-মেইল এড্রেস) ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১)-কে অবহিত করতে হবে।”

- ৩। বিআরপিডি সার্কুলার নং-০৬/২০২৪ এর সাথে সংযুক্ত সংযোজনী-‘খ’ এই সার্কুলার লেটার দ্বারা রহিত করা হলো এবং এতদ্ব্যতীত উক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

- ৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ২৭খ ও ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

- ৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনী: বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২

চূড়ান্তকৃত ইচ্ছাকৃত খেলাপী ঋণ সংক্রান্ত তথ্য

ব্যাকের নামঃ

(ক) ব্যক্তির ক্ষেত্রে:

ক্রম	ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতার নাম (ব্যক্তি)	F.I. Subject Code	জাতীয় পরিচয়পত্র নম্বর (NID Number)	জন্ম তারিখ	ব্যাংক শাখার নাম	ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা হিসেবে চূড়ান্তকরণের তারিখ	FI Contract Code (s)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)

(খ) ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে (Proprietorship Concern):

ক্রম	ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতার নাম (প্রতিষ্ঠানের নাম)	F.I. Subject Code	স্বত্বাধিকারীর নাম	স্বত্বাধিকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর (NID Number)	স্বত্বাধিকারীর জন্ম তারিখ	ব্যাংক শাখার নাম	ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা হিসেবে চূড়ান্তকরণের তারিখ	FI Contract Code (s)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)

(গ) কোম্পানী/প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

ক্রম	ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতার নাম (কোম্পানী/প্রতিষ্ঠানের নাম)	F.I. Subject Code	ব্যাংক শাখার নাম	ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা হিসেবে চূড়ান্তকরণের তারিখ	FI Contract Code (s)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)

ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা সংক্রান্ত ----- তারিখ ভিত্তিক ত্রৈমাসিক বিবরণী

ব্যাংকের নাম:

ক) ব্যাংকের মোট ইচ্ছাকৃত খেলাপী ঋণ সম্পর্কিত তথ্যাদি

সর্বশেষ ত্রৈমাসিকে চূড়ান্তকৃত ইচ্ছাকৃত খেলাপী ঋণ		মোট (ক্রম পুঞ্জীভূত) ইচ্ছাকৃত খেলাপী ঋণ	
গ্রাহক সংখ্যা	ঋণ স্থিতি	গ্রাহক সংখ্যা	ঋণ স্থিতি

(খ) ঋণ গ্রহীতা ভিত্তিক ইচ্ছাকৃত খেলাপী ঋণ সম্পর্কিত তথ্যাদি

চূড়ান্তকরণের ধরণ	ক্রম	ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা ব্যক্তি/ প্রতিষ্ঠান বা কোম্পানীর নাম	ঋণ প্রদানকারী ব্যাংক শাখা	প্রতিষ্ঠানের ধরণ (বৃহৎ শিল্প, মাঝারি শিল্প, অন্যান্য)	ঋণের উৎপত্তিগত প্রকৃতি (চলমান, তলবী, মেয়াদী ইত্যাদি)	ইচ্ছাকৃত খেলাপী ঋণ স্থিতি (কোটি টাকা)	ইচ্ছাকৃত খেলাপী হওয়ার কারণ (সংক্ষিপ্ত আকারে)	চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণকারী কর্তৃপক্ষ	মন্তব্য (ঋণ গ্রহীতার বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা, মামলা চলমান থাকলে ইত্যাদি)
সর্বশেষ ত্রৈমাসিকে নতুনভাবে চূড়ান্তকৃত ইচ্ছাকৃত খেলাপী ঋণ									
	উপমোট (১)								
সর্বশেষ ত্রৈমাসিকের পূর্ব পর্যন্ত চূড়ান্তকৃত ইচ্ছাকৃত খেলাপী ঋণ									
	উপমোট (২)								
মোট (১+২)									

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম:

পদবী:

মোবাইল ফোন নং:

ইমেইল: